

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৩।

নং-১০.০০.০০০০১২৭.২৭.০০৭.১৭-৫০০

তারিখঃ ১০ শ্রাবণ, ১৪২৬ বঙ্গাব্দ।
২৫ জুলাই, ২০১৯ খ্রিস্টাব্দ।

প্রজ্ঞাপন

যেহেতু, নারায়নগঞ্জের সাবেক যুগ্ম-জেলা ও দায়রা জজ পরবর্তীতে ভোলার যুগ্ম-জেলা ও দায়রা জজ বর্তমানে নওগাঁর যুগ্ম-জেলা ও দায়রা জজ, বেগম হাবিবা মন্ডল এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (এ), ৩ (বি) ও ৩ (ডি) বিধি মোতাবেক যথাক্রমে- অদক্ষতা, অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ০৭/২০১৭ নং বিভাগীয় মামলা রুজু করা হয়েছিল; এবং

যেহেতু, বেগম হাবিবা মন্ডল-কে কারণ দর্শানোর প্রেক্ষিতে তাঁর লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীকালে গৃহীত বক্তব্য, তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজ পত্র পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (এ) বিধি মোতাবেক অদক্ষতার অভিযোগ প্রমানিত হওয়ায় সরকার উক্ত বিধিমালার ৪ (২) (বি) বিধি অনুযায়ী ০১ (এক) বছরের জন্য পদোন্নতি স্থগিত করে তাঁকে শাস্তি প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করতঃ বাংলাদেশ সুপ্রীম কোর্টের পরামর্শ কামনা করলে বাংলাদেশ সুপ্রীম কোর্ট সরকারের সিদ্ধান্তে একমত পোষন করেন।

সেহেতু, বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে নারায়নগঞ্জের সাবেক যুগ্ম-জেলা ও দায়রা জজ পরবর্তীতে ভোলার যুগ্ম-জেলা ও দায়রা জজ বর্তমানে নওগাঁর যুগ্ম-জেলা ও দায়রা জজ, বেগম হাবিবা মন্ডল এর বিরুদ্ধে রুজুকৃত ০৭/২০১৭ নং বিভাগীয় মামলায় সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪ (২) (বি) বিধি অনুযায়ী ০১ (এক) বছরের জন্য পদোন্নতি স্থগিত করে তাঁকে শাস্তি প্রদান করা হলো।

২। বাংলাদেশ সুপ্রীম কোর্টের পরামর্শ অনুযায়ী এ আদেশ ১৩/০৯/২০১৭ খ্রিস্টাব্দ তারিখ হতে অর্থাৎ তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজুর তারিখ হতে কার্যকর হয়েছে মর্মে গণ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাঃ/-

(আবু সালাহ শেখ মোঃ জহিরুল হক)

সচিব।

নং-১০.০০.০০০০১২৭.২৭.০০৭.১৭-৫০০

তারিখঃ ১০ শ্রাবণ, ১৪২৬ বঙ্গাব্দ।
২৫ জুলাই, ২০১৯ খ্রিস্টাব্দ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :

- ১। রেজিস্টার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ২। জেলা ও দায়রা জজ, নারায়নগঞ্জ/ভোলা/নওগাঁ।
- ৩। বেগম হাবিবা মন্ডল, যুগ্ম-জেলা ও দায়রা জজ, নওগাঁ।
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সিনিয়র সহকারী সচিব, বিচার শাখা-১/২/৪/৫/৮, আইন ও বিচার বিভাগ।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
(উপরের আদেশটি গেজেটে প্রকাশ করতে অনুরোধ করা হলো)।
- ৮। জনসংযোগ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৯। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
- ১০। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

(মোঃ নূরুল আলম সিদ্দীক)

সিনিয়র সহকারী সচিব

ফোন-৯৫৭৬৬৩১